



দুর্নীতি দমন কমিশন
প্রধান কার্যালয়
১ সেগুনবাগিচা, ঢাকা।




সভাপতি ড. মু: আনোয়ার হোসেন হাওলাদার, সচিব
সভার তারিখ ২৬/১২/২০২১
সভার সময় ১১.০০ টায়
স্থান সম্মেলন কক্ষ
উপস্থিতি পরিশিষ্ট -ক

উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভা শুরু করা হয়। শুরুতেই গত ০৬/০৯/২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির ২০২১-২২/১ নং সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। সভায় ২০২১-২২ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ২য় কোয়ার্টারের লক্ষ্যসমূহ বাস্তবায়নের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। অতঃপর, সভায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্র নং | বিষয়/আলোচ্য | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|--------|---|--|------------------------------------|
| ১ | শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | আগামী ৩১/১২/২০২১ তারিখের মধ্যে শুদ্ধাচার বিষয়ে অন্তত ২৫ জন কর্মকর্তা-কর্মচারীবৃন্দের জন্য একটি প্রশিক্ষণ আয়োজন করা হবে। | পরিচালক (প্রশিক্ষণ ও গবেষণা) |
| ২ | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা | ৩০ ডিসেম্বর, ২০২১ তারিখের পূর্বে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত দুর্নীতি দমন কমিশনের অংশীজনের (stakeholders) অংশগ্রহণে এক বা একাধিক সভা আয়োজন করা হবে। | পরিচালক (প্রতিরোধ ও গণসচেতনতা-১/২) |
| ৩ | শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কারপ্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ | দুর্নীতি দমন কমিশনের কর্মকর্তা-কর্মচারীদের জন্য শুদ্ধাচার পুরস্কার প্রদান ও পুরস্কারপ্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশের জন্য কার্যক্রম তৃতীয় কোয়ার্টারে শুরু হবে, অর্থাৎ জানুয়ারী ২০২২-এ কার্যক্রম গ্রহণ করা হবে। | মহাপরিচালক (প্রশাসন) |
| ৪ | প্রতিরোধ কার্যক্রম বেগবান করা | করোনা পরিস্থিতিতে স্কুল কলেজ বন্ধ থাকায় সততা সংঘ, সততা স্টোর, বিতর্ক প্রতিযোগিতা ও রচনা প্রতিযোগিতা তথা প্রতিরোধ সংক্রান্ত কার্যক্রমসমূহ স্থবির ছিল। এ সকল কার্যক্রম করোনা পরিস্থিতির উন্নতি সাপেক্ষে আগামী জানুয়ারি মাস থেকে পুনরায় শুরু করা হবে। | পরিচালক (প্রতিরোধ ও গণসচেতনতা-১/২) |
| ৫ | শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম | মন্ত্রণালয়/বিভাগ/রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের বার্ষিক শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা কাঠামোর ৩নং ক্রমিকে “শুদ্ধাচার-সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম” শীর্ষক কার্যক্রমের আওতায় প্রত্যেক প্রতিষ্ঠানকে স্ব স্ব কার্যালয়ের জন্য শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য ৫টি কার্যক্রম গ্রহণ করতে হয়। উক্ত কার্যক্রম নির্বাচন এবং এর যথাযথ উদ্দেশ্য প্রতিপালনে দুর্নীতি প্রতিরোধে সহায়ক | মহাপরিচালক (প্রতিরোধ) |

| | | | |
|---|--|---|--------------------------|
| | | উপযুক্ত কার্যক্রম নির্ধারণের নিমিত্ত একটি সাধারণ সুপারিশমালা প্রণয়নপূর্বক মন্ত্রিপরিষদ বিভাগে পত্র প্রেরণ করা হবে। | |
| ৬ | শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের মতবিনিময় সভা | মন্ত্রণালয়/বিভাগ/রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের নিয়ে দুর্নীতি সংক্রান্ত রিপোর্টিং – এর বিষয়ে একটি মতবিনিময় সভা আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। | মহাপরিচালক (প্রতিরোধ) |

পরিশেষে, উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার পরিসমাপ্তি ঘোষণা করা হয়।



ড. মু: আনোয়ার হোসেন হাওলাদার
সচিব

স্মারক নম্বর: ০০.০১.০০০০.৩১০.৩১.০০১.২১.৪৬

তারিখ: ৩০ ডিসেম্বর ২০২১

বিতরণ (সদয় অবগতি ও কার্যার্থে) :

- ১) মহাপরিচালক (সকল), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা
- ২) পরিচালক, পরিচালক (প্রশিক্ষণ ও গবেষণা), দুর্নীতি দমন কমিশন
- ৩) পরিচালক, পরিচালক (প্রতিরোধ ও গণসচেতনতা-১) (ঢাকা, ময়মনসিংহ, রাজশাহী ও রংপুর), দুর্নীতি দমন কমিশন
- ৪) পরিচালক, পরিচালক (প্রশাসন ও মানবসম্পদ), দুর্নীতি দমন কমিশন
- ৫) পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), পরিচালক (এনআইএস এবং আনকাক ফোকাল পয়েন্ট), দুর্নীতি দমন কমিশন
- ৬) সিস্টেম এনালিস্ট, সিস্টেম এনালিস্ট (তথ্য ও প্রযুক্তি সেল), দুর্নীতি দমন কমিশন
- ৭) পরিচালক, সুশাসন শাখা, দুর্নীতি দমন কমিশন
- ৮) উপপরিচালক, পরিচালক (জনসংযোগ), দুর্নীতি দমন কমিশন
- ৯) উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), উপপরিচালক (উন্নয়ন সহযোগী সমন্বয়), দুর্নীতি দমন কমিশন
- ১০) একান্ত সচিব, সচিব এর দপ্তর, দুর্নীতি দমন কমিশন


এ কে এম সোহেল
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)